

আন্তর্জাতিক

বাব আল-মান্দেব প্রণালিতে যুদ্ধজাহাজ পাঠাচ্ছে ইতালি

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: শনিবার, ১৯ সেপ্টেম্বর ২০২৬, ০৬:৫৯ PM



মধ্যপ্রাচ্যের গুরুত্বপূর্ণ নৌপথ বাব আল-মান্দেব প্রণালিতে বাণিজ্যিক জাহাজের নিরাপদ চলাচল নিশ্চিত করতে যুদ্ধজাহাজ মোতায়েনের প্রস্তুতি নিচ্ছে ইতালি। দেশটির প্রতিরক্ষামন্ত্রী গুইদো ক্রোসেতো জানিয়েছেন, এ বিষয়ে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) যৌথ সিদ্ধান্তের জন্য আর অপেক্ষা করবে না রোম।

গুরুবার (১৮ সেপ্টেম্বর) ক্রোসেতো বলেন, বাব আল-মান্দেব দিয়ে চলাচল নিরাপদ রাখতে ইতালির প্রয়োজনীয় সক্ষমতা রয়েছে। নৌপথটি বন্ধ হয়ে গেলে এর অর্থনৈতিক প্রভাব গুরুতর হতে পারে বলেও সতর্ক করেন তিনি। ইউরোপীয় পর্যায়ে সিদ্ধান্ত নিতে দেরি হওয়ায় পরিস্থিতি আরও জটিল হওয়ার আগেই ইতালিকে পদক্ষেপ নিতে হবে বলে মন্তব্য করেন দেশটির প্রতিরক্ষামন্ত্রী।

লোহিত সাগরকে এডেন উপসাগরের সঙ্গে যুক্ত করেছে বাব আল-মান্দেব প্রণালি। ইউরোপ ও এশিয়ার মধ্যে বাণিজ্যিক নৌ চলাচলের অন্যতম গুরুত্বপূর্ণ এই পথ দিয়ে সুয়েজ খালের সঙ্গে যুক্ত তেল, গ্যাস ও কনটেইনারবাহী জাহাজ চলাচল করে। প্রণালিটির সবচেয়ে সরু অংশের প্রস্থ প্রায় ৩০ কিলোমিটার। ঐতিহাসিকভাবে বৈশ্বিক বাণিজ্যের প্রায় ১২ থেকে ১৫ শতাংশ এই নৌপথ দিয়ে চলাচল করেছে।

সাম্প্রতিক সময়ে ইয়েমেনের পশ্চিম উপকূলে হুতিদের অগ্রগতির কারণে বাব আল-মান্দেবের নিরাপত্তা নিয়ে উদ্বেগ বেড়েছে। হুতিরা কৌশলগত পেরিম দ্বীপসহ প্রণালিসংলগ্ন গুরুত্বপূর্ণ এলাকা নিয়ন্ত্রণে নেওয়ার পর নৌপথটির ওপর তাদের প্রভাব আরও বেড়েছে।


রয়টার্স জানিয়েছে, ইতালি ইতোমধ্যে বাণিজ্যিক জাহাজ সুরক্ষায় ইইউর অ্যাসপিডেস (Aspides) মিশনে অংশ নিচ্ছে। তবে বর্তমান পরিস্থিতিতে রোম আলাদা একটি নৌ মিশনের প্রস্তুতি নিচ্ছে। ইতালির মোট বাণিজ্যের প্রায় ৪০ শতাংশ সুয়েজ খালের ওপর নির্ভরশীল হওয়ায় বাব আল-মান্দেবের নিরাপত্তা দেশটির জন্য বিশেষ গুরুত্বপূর্ণ।

সাম্প্রতিক হুতি অগ্রগতির ফলে সৌদি আরবের তেল রপ্তানির বিকল্প নৌপথ হিসেবেও বাব আল-মান্দেবের গুরুত্ব বেড়েছে। ফলে প্রণালিটির নিরাপত্তা নিয়ে আন্তর্জাতিক উদ্বেগ আরও তীব্র হয়েছে। সূত্র: আলজাজিরা

এ বিভাগের আরও খবর



হুতিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুতি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...



গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা হয়। স্থানীয় স্বাস্থ্য ও বে...



সৌদি আকাশে হুথীদের চার ড্রোন, দুই ক্ষেপণাস্ত্র ভূপাতিত
সৌদি আরবের দক্ষিণাঞ্চল লক্ষ্য করে ইরানের হুথীদের ছোড়া চারটি ড্রোন ও দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত ও ধ্বংসের দাবি করেছে সৌদি নেতৃত্ব...



ভ্রমণে গিয়ে মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে প্রাণ গেল ৮ শিক্ষার্থীর
ভারতের মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে আট শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার রাজ্যটির রায়গড় জেলার দিভেগার সমুদ্রসৈকতে এ ঘটনা ঘটে। পরে তাদের মরদে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/bab-al-mandeb-prnalite-juddhjahaj-pathachchhe-itali>